



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

রেমিট্যান্স সেল, আইটি বিভাগ

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

ফোন : ৪১০৫০৫৭৮

সূত্র নং-৫৩.১৭.০০০০.০৭০.২২.০২২.১৭-৮১(২৪৬)

তারিখ : ২৪.১১.২০১৯

সকল শাখা ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক।

বিষয় : ই-মেইল ব্যবহার বিধি সংক্রান্ত।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। অত্র বিভাগের ২৫.০৬.২০১৮ তারিখের পত্র নং-কেবি/প্রকা/আইটিবি/রেমিট-০১/২০১৮-২০১৯/৪৫(২৪৪) অনুসরণপূর্বক সকল শাখা ব্যবস্থাপককে ই-মেইল সংক্রান্ত কার্যাদি সম্পাদন করা শিখে নেয়ার জন্য (যদি শেখা না থাকে) পরামর্শ দেয়া হয়েছিল। কিন্তু অনেক শাখা ব্যবস্থাপক ই-মেইল সংক্রান্ত কার্যাদি এখনও সম্পাদন করতে পারেন না। দাপ্তরিক কাজে বিশেষ করে রেমিট্যান্স সংক্রান্ত তথ্যাদি প্রদানের ক্ষেত্রে ব্যবস্থাপকসহ শাখার সকল কর্মকর্তা-কর্মচারীর ই-মেইল সংক্রান্ত ব্যবহার বিধি জানা থাকা অত্যাৱশ্যক। কেননা বিদ্যুৎ এবং নেটওয়ার্ক থাকা সত্ত্বেও তথ্যাদি মেইল না করে ফোনে প্রদান করা হলে রেমিট্যান্স পরিশোধে বিলম্ব হয়। এতে রেমিট্যান্স প্রাপকগণ কর্মসংস্থান ব্যাংক থেকে রেমিট্যান্স গ্রহণে নিরুৎসাহিত হতে পারেন।

০৩। এমতাবস্থায়, রেমিট্যান্স সংক্রান্ত তথ্যাদি প্রদানসহ দাপ্তরিক কাজ ই-মেইলের মাধ্যমে সম্পাদন করার নিমিত্তে উপরোক্ত পত্রে বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক ব্যবস্থাপকসহ শাখার সকল কর্মকর্তা-কর্মচারীকে ই-মেইল সংক্রান্ত ব্যবহার বিধি শিখে নেয়ার জন্য (যদি শেখা না থাকে) পুনরায় পরামর্শ দেয়া হলো।

আপনার বিশ্বস্ত

(মোঃ আলা উদ্দিন)

উপ-মহাব্যবস্থাপক

তারিখ : ঐ

সূত্র নং-৫৩.১৭.০০০০.০৭০.২২.০২২.১৭-৮১(২৪৬)(৪৭)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (সংশ্লিষ্ট সকলকে ব্যাংকের ওয়েবসাইট থেকে কপি সংগ্রহ করার অনুরোধসহ) :

১। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

২। উপ-মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক।

৩। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক।

৪। অফিস নথি।

(প্রদীপ কুমার মজুমদার)

সহকারী মহাব্যবস্থাপক